Saimum

# English Grammar

## Translation & Composition

[For Class- III & IV]





Ahsan Publication

Written in accordance with the New Syllabus as a Text Book by National Curriculum and Text Book Board for classes III & IV of all Kindergartens. Pre-cadet Schools, Primary Schools and Madrasas in Bangladesh

# Saimum English Grammar Translation & Composition

[For Classes-III & IV]


Written By

**Sikdar Abdul Quddus**
Senior Teacher
Cosmopolitan Lab. School & College
Gandaria, Dhaka
Ex-Assistant Headmaster
B.M. Institute, Faridpur

**Md. Golam Alahi Jayed**
BA (Hons), MA
Director, Cosmopolitan Education Foundation, Dhaka



**Ahsan Publication**



www.amarboi.org

Publisher :

Tahseen Taj
**Makka Publications**
Books & Computer Complex
38/3, Banglabazar, Dhaka-1100
Tel : 02-7125660, 8622195
Mobile : 01728112200, 01859530518

All Rights Reserved by the Publisher

First Edition : November 2014

Design : Nasir Uddin

Computer Compose
**Ahsan Computer, Dhaka**

Printed : Raqs Press & Publications Ltd.

**M.R.P. Tk : 90 Only**
**US $ : 3.00 Only**

www.amarboi.org

# CONTENTS


| Subject | | Page |
|---|---|---|
| | **Part One : Grammar** | |
| Lesson-1 | : Language and Grammar (ভাষা ও ব্যাকরণ) | 5 |
| Lesson-2 | : Letter and Alphabet (বর্ণ ও বর্ণমালা) | 6 |
| Lesson-3 | : Word and Syllable (শব্দ এবং শব্দাংশ) | 8 |
| Lesson-4 | : Sentences and its Parts (বাক্য ও এর অংশসমূহ) | 9 |
| Lesson-5 | : Kinds of Sentence (বাক্যের প্রকারভেদ) | 11 |
| Lesson-6 | : Parts of Speech (পদ প্রকরণ) | 13 |
| Lesson-7 | : Noun and its classification (বিশেষ্য ও এর শ্রেণিবিভাগ) | 13 |
| Lesson-8 | : Pronoun and its classification (সর্বনাম ও এর শ্রেণিবিভাগ) | 14 |
| Lesson-9 | : Adjective and its classification (বিশেষণ ও এর শ্রেণিবিভাগ) | 15 |
| Lesson-10 | : Verb and its classification (ক্রিয়া ও এর শ্রেণিবিভাগ) | 17 |
| Lesson-11 | : Adverb and its classification (ক্রিয়া বিশেষণ ও এর শ্রেণিবিভাগ) | 18 |
| Lesson-12 | : Preposition and its classification (পদান্বয়ী অব্যয় ও এর শ্রেণিবিভাগ) | 18 |
| Lesson-13 | : Conjunction (সংযোজক অব্যয়) | 19 |
| Lesson-14 | : Interjection (আবেগসূচক অব্যয়) | 19 |
| Lesson-15 | : Number and its Kinds (বচন ও এর প্রকারভেদ) | 20 |
| Lesson-16 | : Gender and its Kinds (লিঙ্গ ও এর প্রকারভেদ) | 22 |
| Lesson-17 | : Person and its kinds (পুরুষ ও এর প্রকারভেদ) | 24 |
| Lesson-18 | : Articles (পদাশ্রিত নির্দেশক) | 25 |
| Lesson-19 | : Use of Capital letters (বড় হাতের অক্ষরের ব্যবহার) | 27 |
| Lesson-20 | : Punctuation (বিরাম চিহ্ন) | 28 |
| Lesson-21 | : Strong verbs and weak verbs | 30 |
| Lesson-22 | : Tense and its classification (কাল ও শ্রেণিবিভাগ) | 33 |
| Lesson-23 | : Similar Word (একই অর্থবোধক শব্দ) | 34 |
| Lesson-24 | : Opposite words (বিপরীত অর্থবোধক শব্দ) | 36 |


www.amarboi.org

## Part Two : Translation

| | | |
|---|---|---|
| Lesson-1 | : Use of Articles | 40 |
| Lesson-2 | : Verb to be (Am, is, are) | 42 |
| Lesson-3 | : Verb to be (was/were) | 42 |
| Lesson-4 | : Verb to be (will/shall) | 43 |
| Lesson-5 | : Verb to Have (have/has) | 43 |
| Lesson-6 | : Verb to Have (had) | 44 |
| Lesson-7 | : Parts of Speech | 45 |
| Lesson-8 | : Kinds of Sentence | 47 |
| Lesson-9 | : Tense (কাল) | 49 |

## Part Three

| | |
|---|---|
| 1. Paragraph | 50 |
| 2. Letter Writing | 53 |
| 3. Essay Writing | 59 |

www.amarboi.org

# Lesson-1
# LANGUAGE AND GRAMMAR
## (ভাষা ও ব্যাকরণ)

**এ অধ্যায়ে আমরা যা শিখব :**

* Language বা ভাষা কী?
* Sound বা ধ্বনি কী?
* Mother Tongue বা মাতৃভাষা কী?
* Grammar বা ব্যাকরণ কাকে বলে?
* English Grammar কাকে বলে?

### # Language বা ভাষা কাকে বলে?

মনের ভাব প্রকাশ করার জন্য বাকযন্ত্রের সাহায্যে যে অর্থবোধক ধ্বনি বা Sound উচ্চারিত হয় তাকে Language বা ভাষা বলে। ভাষার মাধ্যমে আমরা আমাদের মনের ভাব অন্যের নিকট প্রকাশ করে থাকি। আমরা বাংলাদেশি। আমাদের ভাষা বাংলা। ইংল্যান্ড ও আমেরিকার অধিবাসীদের ভাষা ইংরেজী বা English, ভারতীয়দের ভাষা হিন্দী, পাকিস্তানীদের ভাষা উর্দু, আরবীয়দের ভাষা আরবী। এভাবে পৃথিবীতে প্রায় সাড়ে তিন হাজার ভাষা প্রচলিত আছে।

### # Sound কাকে বলে?

আমরা যখন কথা বলি তখন বাকযন্ত্রের সাহায্যে যে আওয়াজ সৃষ্টি হয় তাকে Sound বা ধ্বনি বলে। যেমন- Mother উচ্চারণ করতে প্রথম Mo (মা) পরে ther (দার) দু'টি ধ্বনি বা আওয়াজের সৃষ্টি হয় এবং Mother উচ্চারিত হয় যার অর্থ মা বুঝায়।

### # Mother Tongue বা মাতৃভাষা কাকে বলে?

শিশু জন্মের পর থেকে মায়ের কাছ থেকেই ভাষা শিখে। তাই মায়ের কাছ থেকে শেখা ভাষাকেই মাতৃভাষা বা Mother Tongue বা Mother Language বলে। আমাদের মাতৃভাষা বাংলা।

### # Grammar বা ব্যাকরণ কাকে বলে?

Grammar শব্দের অর্থ ব্যাকরণ। যে বই পড়লে ভাষা শুদ্ধরূপে বলতে, পড়তে ও লিখতে পারা যায় তাকে Grammar বা ব্যাকরণ বলে। Grammar বইতে ভাষা শেখার নিয়ম কানুন লেখা থাকে। তাই Grammar জানলে ভাষা শেখা সহজ ও সুন্দর হয়।

### # English Grammar কাকে বলে?

পৃথিবীতে প্রচলিত সব ভাষারই নিয়ম কানুন আছে অর্থাৎ যত ভাষা তত Grammar বা ব্যাকরণ আছে। ঠিক তেমনি ইংরেজী ভাষারও Grammar আছে। ইংরেজী ভাষার Grammar কে English Grammar বলে অর্থাৎ যে বই পড়লে ইংরেজী ভাষা শুদ্ধরূপে বলতে, পড়তে ও লিখতে পারা যায় তাকে English Grammar বলে।

www.amarboi.org

# Lesson-2
# LETTER AND ALPHABET
## (বর্ণ ও বর্ণমালা)

**এ অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Letter বা বর্ণ কী? |
| # Alphabet বা বর্ণমালা কী? |
| # Capital Letter কী? |
| # Small letter কী? |
| # Vowel কী? |
| # Consonant কী? |
| # Semi-vowel কী? |

**# Letter বা বর্ণ কাকে বলে?**

Letter অর্থ বর্ণ। মুখের আওয়াজ হলো ধ্বনি। ধ্বনির লিখিত রূপের নাম Letter বা বর্ণ। ভাষা লিখতে যে সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয় তাদের প্রত্যেকটিকে এক একটি Letter বা বর্ণ বলে। বাংলা ভাষা লিখতে যেমন অ, আ, ই, ঈ ইত্যাদি বর্ণ আছে ঠিক তেমনি ইংরেজী ভাষার নিজস্ব বর্ণ বা Letter আছে। যেমন A, B, C, D, E ইত্যাদি।

**# Alphabet বা বর্ণমালা কাকে বলে?**

ইংরেজী ভাষায় ব্যবহৃত বর্ণ সমষ্টিকে একত্রে বর্ণমালা বা Alphabet বলে। ফুলে ফুলে যেমন ফুলের মালা হয় ঠিক তেমনি বর্ণ বর্ণ মিলে হয় বর্ণমালা। ইংরেজী ভাষায় মোট ২৬ টি অক্ষর বা Letter আছে। English Letter কে দু' ভাগে ভাগ করা হয়। যথা ঃ Capital Letter ও Small letter.

**# Capital Letter বা বড় হাতের অক্ষর কী?**

ইংরেজী ভাষার বড় আকারের Letter গুলোকে বলা হয় Capital Letter বা বড় হাতের অক্ষর। যেমন- A, B, C, D, E, F, G, H, I, J, K, L, M, N, O, P, Q, R, S, T, U, V, W, X, Y, Z.

**# Small Letter বা ছোট হাতের অক্ষর কী?**

ইংরেজী ভাষার ছোট আকারের অক্ষরগুলোকে বলা হয়। Small Letter বা ছোট হাতের অক্ষর। যেমন ঃ a, b, c, d, e, f, g, h, i, j, k, l, m, n, o, p, q, r, s, t,

u, v, w, x, y, z.

www.amarboi.org

English letter এর সঠিক উচ্চারণ এবং তার বাংলা বর্ণ নিম্নে দেয়া হলো :

| | | |
|---|---|---|
| A-a | এ | অ, আ, অ্যা, এ |
| B-b | বি | ব, |
| C-c | সি | ক, ছ |
| D-d | ডি | ড, দ |
| E-e | ই | ই, ি, ঈ, ী, এ, ে |
| F-f | এফ | ফ |
| G-g | জি | জ, গ |
| H-h | এইচ | হ, অ |
| I-i | আই | ি, ী, ই, আ, া |
| J-j | জে | জ, য |
| K-k | কে | ক |
| L-l | এল | ল |
| M-m | এম | ম |
| N-n | এন | ন |
| O-o | ও | ও, অ, আ, ো |
| P-p | পি | প |
| Q-q | কিউ | ক |
| R-r | আর | র, ড়. ঢ় |
| S-s | এস | স, শ, ষ |
| T-t | টি | ট, ত |
| U-u | ইউ | উ, ু, ঊ, ূ, আ, া |
| V-v | ভি | ভ |
| W-w | ডব্লিউ | ওয়, ব |
| X-x | এক্স | ক্স, ক, স, জ |
| Y-y | ওয়াই | ইয়, ি, ী |
| Z-z | জেড | জ |

**# Vowel বা স্বরবর্ণ কাকে বলে?**

যে সব বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া নিজে নিজে উচ্চারিত হতে পারে তাকে Vowel বা স্বরবর্ণ বলে। Vowel মোট ৫টি। যথা– A, E, I, O, U

# Consonant বা ব্যঞ্জনবর্ণ কাকে বলে?

যে সব বর্ণ অন্য বর্ণের সাহায্য ছাড়া উচ্চারিত হতে পারে না তাকে Consonant বা ব্যঞ্জনবর্ণ বলে। Consonant বা ব্যঞ্জনবর্ণ মোট ২১টি। যথা- B, C, D, F, G, H, J, K, L, M, N, P, Q, R, S, T, V, W, X, Y, Z.

# Semi-vowel কী?

Semi অর্থ অর্ধ এবং vowel অর্থ স্বরবর্ণ। W এবং Y বর্ণ দুইটি কখনও Vowel এর মত আবার কখনও Consonant এর মত কাজ করে। তাই এ বর্ণ দু'টিকে Semi-vowel বলে।

# যেসব বর্ণ কখন Vowel এর মত আবার কখনও Consonant এর মত উচ্চারিত হয়, তাকে Semi-vowel বলে। Semi-vowel মোট ২টি। যথা- W এবং Y।

W ও Y অক্ষর দু'টি শব্দের প্রথমে বসলে Consonant হয়। যেমন- Word, Year ইত্যাদি।

W ও Y অক্ষর দু'টি শব্দের মাঝে ও শেষে বসলে Vowel হয়। যেমন- Two, Eye, Cow, Fly ইত্যাদি।

## Lesson-3

# WORD AND SYLLABLE

## (শব্দ এবং শব্দাংশ)

এ অধ্যায়ে আমরা যা শিখব :

| |
|---|
| # Word বা শব্দ কাকে বলে? |
| # Syllable কাকে বলে, কত প্রকার ও কি কি? |
| # Word বা শব্দ কাকে বলে? |

এক বা একাধিক Letter বা বর্ণ পাশাপাশি বসে যদি কোন অর্থ প্রকাশ করে তবে তাকে Word বা শব্দ বলে। যেমন- Man, My, Book, এখানে M+a+n = Man অর্থ মানুষ M+y = My অর্থ আমার B+o+o+k = Book অর্থ বই।

# লক্ষ্য কর ঃ অক্ষরগুলো পাশাপাশি বসে আলাদা আলাদা অর্থ প্রকাশ করেছে।

i) প্রতিটি শব্দেই Vowel অথবা Semi vowel রয়েছে।

ii) অনেক সময় শুধু একটা Vowel একাই শব্দ হিসেবে ব্যবহৃত হয়। যেমন- I = আমি, A = একটি।

# Syllable কাকে বলে?

Syllable অর্থ শব্দাংশ। ইংরেজী word-এর যতটুকু অংশ vowel এর সাহায্যে একবারে উচ্চারিত হয়, তাকে Syllable বা শব্দাংশ বলে।

www.amarboi.org

লক্ষণীয় ঃ i) প্রতিটি word-এ এক বা একাধিক syllable থাকে। ii) প্রতিটি syllable-এ অন্তত; একটি vowel থাকে।

**# Syllable কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।**

**Syllable চার প্রকার। যথা-**

i) Mono-syllable- (মনো-সিলেবল)

ii) Di-syllable (ডাই-সিলেবল)

iii) Tri-syllable (ট্রাই সিলেবল)

iv) Poly-syllable (পলি-সিলেবল)

**উদাহরণ :**

i) Mono-syllable- Man, Book, Cat,

ii) Di-syllable- Father = Fa+ther, Sister = Sis+ter

iii) Tri-syllable- Wednesday = Wed+nes+day, Yesterday = Yes+ter+day

iv) Poly-syllable- Preposition = Pre+po+si+tion, Interjection = In+ter+jec+tion.

## Lesson-4

# SENTENCES AND ITS PARTS

## (বাক্য ও এর অংশসমূহ)

**এ অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Sentence বা বাক্য কাকে বলে? |
| # Sentence এর কয়টি অংশ? |
| # Subject কাকে বলে? |
| # Predicate কাকে বলে? |
| # Sentence গঠনের নিয়ম। |

**# Sentence বা বাক্য কাকে বলে?**

এক বা একাধিক word বা শব্দ পাশাপাশি বসে যদি মনের ভাব সম্পূর্ণরূপে প্রকাশ করে তবে তাকে Sentence বা বাক্য বলে।

যেমন- I eat rice -আমি ভাত খাই।

www.amarboi.org

# Subject কাকে বলে?

বাক্যের প্রথম অংশে কোন ব্যক্তি, বস্তু বা প্রাণী সম্পর্কে বলা হয়। এ অংশকে Subject বা উদ্দেশ্য বলে অর্থাৎ Sentence-এ যাকে উদ্দেশ্য করে বা যার সম্পর্কে বলা হয় তাকে Subject বা উদ্দেশ্য বলে। যেমন- Fahim is a good boy.

এই Sentence-এ Fahim সম্পর্কে বলা হচ্ছে যে, সে ভাল ছেলে। সুতরাং Fahim হচ্ছে Subject বা উদ্দেশ্য।

# Predicate কাকে বলে?

কোন Sentence-এ Subject সম্পর্কে যা কিছু বলা হয় তাকে Predicate বা বিধেয় বলে। যেমন- Fahad goes to school এই Sentence-এ Fahad সম্পর্কে বলা হচ্ছে সে 'স্কুলে যায়' (goes to school) অর্থাৎ এখানে goes to school হচ্ছে Predicate-বা বিধেয়।

নিচের ছকে Subject ও Predicate দেখানো হলো-

| Sentence | Subject | Predicate |
|---|---|---|
| 1. Fahad is a good boy<br>ফাহাদ একটি ভাল ছেলে | Fahad<br>ফাহাদ | is a good boy<br>একটা ভাল ছেলে |
| 2. Fahim eats rice<br>ফাহিম ভাত খায় | Fahim<br>ফাহিম | eats rice<br>ভাত খায় |
| 3. Sadia reads a book<br>সাদিয়া বই পড়ে | Sadia<br>সাদিয়া | reads a book<br>বই পড়ে |

# Sentence গঠনের নিয়ম কী?

Sentence গঠনের কিছু নিয়ম আছে। Word পাশাপাশি বসালেই Sentence হয় না। নিয়ম অনুযায়ী সাজাতে হয়। যথা-

Subject + মূল verb + object অর্থাৎ প্রথমে Subject তারপর মূল verb এবং সবশেষে object বা অন্যান্য শব্দ বসাতে হয়।

# Sentence এর দুইটি অংশ। যথা

1. Subject
2. Predicate

# Lesson-5
# KINDS OF SENTENCE
## (বাক্যের প্রকারভেদ)

**এ অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Sentence কত প্রকার ও কি কি? |
| # প্রত্যেক প্রকার Sentence এর সংজ্ঞা ও উদাহরণ। |

**Sentence পাঁচ প্রকার। যথা-**

i) Assertive sentence (অ্যাসারটিভ সেনটেন্স)-বিবৃতিমূলক বাক্য।

ii) Interrogative sentence (ইন্টারোগেটিভ সেনটেন্স)-প্রশ্নবোধক বাক্য।

iii) Imperative sentence (ইমপারেটিভ সেনটেন্স)- আদেশ, উপদেশ, অনুরোধমূলক বা বাক্য।

iv) Optative sentence (অপটেটিভ সেনটেন্স)- ইচ্ছা বা আশীর্বাদসূচক বাক্য।

v) Exclamatory sentence (এক্সক্ল্যাম্যাটরি সেনটেন্স)– আবেগসূচক বাক্য।

**# Assertive sentence কাকে বলে?**

যে Sentence-এ কোন বিবৃতি বা বিবরণ প্রকাশ করে তাকে Assertive sentence বলে। যেমন- Fahad is a good boy -ফাহাদ একজন ভাল ছেলে।

**# Interrogative sentence কাকে বলে?**

যে Sentence এ প্রশ্ন জিজ্ঞাসা করা হয় তাকে Interrogative sentence বলে। যেমন- What is your name? তোমার নাম কি?

লক্ষ্য কর : i) এই Sentence এর শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) বসে।

ii) এসব Sentence এর শুরুতে Wh অর্থাৎ What, Where, When, Why ইত্যাদি থাকে।

iii) এছাড়া am, is, are, have, has ইত্যাদি Auxiliary শব্দ বসিয়েও এ Sentence করা হয়।

**# Imperative sentence কাকে বলে?**

যে Sentence দিয়ে কোন আদেশ, উপদেশ বা অনুরোধ বুঝায় তাকে Imperative sentence বলে।

যথা- i) Read the book-বইটি পড়।

ii) Never tell a lie কখনও মিথ্যা বল না।

iii) Please, give me a pen -দয়া করে আমাকে একটা কলম দাও।

**লক্ষ্য কর :** প্রথম বাক্যে আদেশ করা হয়েছে, দ্বিতীয় বাক্যে উপদেশ দেয়া হয়েছে এবং তৃতীয় বাক্যে অনুরোধ করা হয়েছে।

www.amarboi.org

# **Optative sentence কাকে বলে?**

যে Sentence -এ ইচ্ছা বা প্রার্থনা প্রকাশ করা হয়, তাকে Optative sentence বলে। যথা-

i) May Allah help you -আল্লাহ তোমার সহায় হোন।

ii) Long live Bangladesh বাংলাদেশ দীর্ঘজীবী হোক।

# **Exclamatory sentence কাকে বলে?**

যে Sentence দিয়ে মনের আকস্মিক ভাব (আনন্দ, দুঃখ) প্রকাশ পায় তাকে Exclamatory sentence বলে।

যথা- i) How nice the bird is! কী সুন্দর পাখি!

ii) Hurrah! We have won the game. কি মজা! আমরা খেলায় জিতেছি।

লক্ষ্য কর : i) Exclamatory sentence এর শেষে আবেগসূচক চিহ্ন (!) বসে।

ii) এ Sentence এ আনন্দ, দুঃখ-বেদনা, হর্ষ-বিষাদ, উল্লাস, বিস্ময় ইত্যাদি প্রকাশ পায়।

## Lesson Test-5

1. Sentence কত প্রকার ও কি কি?
2. Assertive sentence কাকে বলে? উদাহরণ দাও।
3. Interrogative sentence কাকে বলে? উদাহরণ দাও।
4. Imperative sentence কাকে বলে? উদাহরণ দাও।
5. Optative sentence কাকে বলে? উদাহরণ দাও।
6. Exclamatory sentence কাকে বলে? উদাহরণ দাও।
7. Choose the best answer (সঠিক উত্তরটি বাছাই কর)

**a) Sentence কয় প্রকার?**

i) তিন প্রকার ii) চার প্রকার iii) পাঁচ প্রকার iv) ছয় প্রকার

**b) Assertive sentence হলো- বাক্য।**

i) বিবৃতিমূলক ii) আদেশমূলক iii) প্রশ্নবোধক iv) উপদেশমূলক

**c) Exclamatory sentence দ্বারা মনের-ভাব প্রকাশ পায়।**

i) ইচ্ছা বা আশীর্বাদ ii) আকস্মিক iii) প্রশ্নবোধক iv) আদেশ অনুরোধ

**d) What is your name? এ Sentence টি হচ্ছে-**

i) Assertive ii) Imperative iii) Optative iv) Interrogative

**e) "Never tell a lie." এ Sentence টি হচ্ছে-**

i) Exclamatory ii) Optative iii) Imperative iv) Assertive.

www.amarboi.org

# Lesson-6
# PARTS OF SPEECH
## (পদ প্রকরণ)

**এ অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Parts of speech কাকে বলে? |
| # Parts of speech কত প্রকার ও কি কি? |
| # Parts of speech এর উদাহরণ দাও। |

### # Parts of speech কাকে বলে?

Parts- অর্থ অংশসমূহ আর Speech অর্থ কথা বা ভাষা অর্থাৎ Speech বা কথার অংশই হলো Parts of speech. সুতরাং বাক্যে ব্যবহৃত প্রত্যেকটি অর্থবোধক শব্দকে Parts of speech বলে

### Parts of speech কত প্রকার ও কি কি?

Parts of speech আট প্রকার। যথা-

i) Noun (নাউন)- বিশেষ্য - Tanjem, Dhaka.
ii) Pronoun (প্রোনাউন)- সর্বনাম- He, Him.
iii) Adjective (এ্যাডজেকটিভ)- বিশেষণ Good, Bad.
iv) Verb (ভার্ব) - ক্রিয়া- Go, come
v) Adverb (এ্যাডভার্ব) - ক্রিয়া বিশেষণ বা বিশেষণ এর বিশেষণ- Very, slowly.
vi) Preposition (প্রিপজিশন) - সম্বন্ধসূচক অব্যয়- In, to
vii) Conjunction (কনজাংশন) - And, But.
viii) Interjection (ইন্টারজেকশন)- আবেগসূচক অব্যয়- Oh! Alas!

# Lesson-7
# NOUN AND ITS CLASSIFICATION
## (বিশেষ্য ও এর শ্রেণিবিভাগ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Noun কাকে বলে? |
| # Noun কত প্রকার ও কি কি? |

### # Noun কাকে বলে?

যে Word দ্বারা কোন ব্যক্তি, বস্তু, স্থান, প্রাণী ইত্যাদির নাম বুঝায় তাকে Noun বলে। যেমন- Rahim, Table, Dhaka, Tiger ইত্যাদি।

www.amarboi.org

# **Noun কত প্রকার ও কি কি?**

# Noun প্রধানত : দুই প্রকার। যথা

a) Concrete Noun b) Abstract Noun.

Concrete Noun কে আবার ৪ ভাগে ভাগ করা হয়েছে। যথা–

i) Proper Noun (নামবাচক বিশেষ্য)- Jahid, Dhaka

ii) Common Noun (জাতিবাচক বিশেষ্য)- Man. Girl

iii) Collective Noun (সমষ্টিবাচক বিশেষ্য)- Class, Army.

iv) Material Noun (বস্তুবাচক বিশেষ্য)- Rice, Water.

b. Abstract Noun (গুণবাচক বিশেষ্য)- Beauty, Honesty

## Lesson-8

## PRONOUN AND ITS CLASSIFICATION

## (সর্বনাম ও এর শ্রেণিবিভাগ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Pronoun কাকে বলে? |
| # Pronoun কত প্রকার ও কি কি? |

# **Pronoun কাকে বলে?**

Pro অর্থ পরিবর্তে। Noun এর পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয় তাকে Pronoun বলে। যেমন– I, We, He, Him, They, Their ইত্যাদি।

# **Pronoun কত প্রকার ও কি কি?**

Pronoun ৮ প্রকার। যথা–

i) Personal Pronoun (ব্যক্তিবাচক সর্বনাম)- He, Him

ii) Demonstractive Pronoun (নির্দেশক সর্বনাম)- This, That

iii) Interrogative Pronoun (প্রশ্নবাচক সর্বনাম)- Who, What

iv) Relative Pronoun (সম্পর্কবাচক সর্বনাম)- That, Who.

v) Indefinite Pronoun (অনিশ্চয়তাসূচক সর্বনাম)- One, Any

vi) Distributive Pronoun (পৃথক ব্যক্তি বা বস্তুবাচক)- Each.

vii) Reflexive Pronoun (আত্মবাচক সর্বনাম)- Myself.

viii) Reciprocal Pronoun (সম্বন্ধবাচক সর্বনাম)- Each other.

www.amarboi.org

# Lesson-9
# ADJECTIVE AND ITS CLASSIFICATION
## (বিশেষণ এবং এর শ্রেণিবিভাগ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Adjective কাকে বলে? |
| # Adjective কত প্রকার ও কি কি? |
| # Comparison Of Adjective কি? |
| # উল্লেখযোগ্য Adjective এর তুলনা |

## # Adjective কাকে বলে?

যে word দ্বারা Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, পরিমাণ, সংখ্যা ইত্যাদি বুঝায় তাকে Adjective বা বিশেষণ বলে। যেমন–

- Taheen is a good boy. (গুণ)
- Nasir is a small boy. (অবস্থা)
- I have two pens. (সংখ্যা)

## Adjective কত প্রকার ও কি কি?

Adjective প্রধানত তিন প্রকার :

1) Adjective of Quality. (গুণবাচক বিশেষণ)
2) Adjective of Quantity. (পরিমাণবাচক বিশেষণ)
3) Adjective of Number (সংখ্যাবাচক বিশেষণ)

## Comparison of Adjective কাকে বলে?

দুই বা ততোধিক বস্তুর মধ্যে তুলনা করতে Adjective এর যে তারতম্য হয় তাকে Comparison of Adjective বলে। একে আবার Degrees of Adjective-ও বলা হয়।

Degrees of Adjective কি?

Sadia is a good girl -সাদিয়া একটা ভাল মেয়ে।

Sadia is better than Nadia. -সাদিয়া নাদিয়ার চেয়ে ভাল।

Sadia is the best of all. -সাদিয়া সবার মধ্যে ভাল।

উপরের বাক্যগুলো লক্ষ্য করলে দেখতে পাবে- যে প্রথম বাক্যে good শব্দ দ্বারা কোন প্রকার তুলনা না বুঝিয়ে সাধারণভাবে গুণ প্রকাশ করছে। দ্বিতীয় বাক্যে better দ্বারা দু'য়ের মধ্যে তুলনা করা হয়েছে। তৃতীয় বাক্যে best শব্দ দ্বারা অনেকের মধ্যে গুণের তুলনা করা হয়েছে। এই তারতম্য বুঝাতে Adjective এর রূপের পরিবর্তন হয়েছে। Adjective এর এই রূপের তুলনাকে Degrees of Adjective বলে।

**Degrees of Adjective কত প্রকার ও কি কি?**

Degrees of Adjective তিন প্রকার।

যথা- i) Positive Degree (পজিটিভ ডিগ্রী)

ii) Comparative Degree (কমপ্যারাটিভ ডিগ্রী)

iii) Superlative Degree (সুপারলেটিভ ডিগ্রী)

কিছু Adjective এর তুলনা নিচে দেয়া হলো :

| **Positive** | **Comparative** | **Superlative** |
|---|---|---|
| Good | better | best |
| Tall | taller | tallest |
| Big | bigger | biggest |
| Small | Smaller | Smallest |
| Wise | Wiser | Wisest |
| Old | older | oldest |
| Rich | richer | richest |
| Cold | colder | coldest |
| Fat | fatter | fattest |
| Hot | hotter | hottest |

www.amarboi.org

# Lesson-10
# VERB AND ITS CLASSIFICATION
## (ক্রিয়া ও এর শ্রেণিবিভাগ)

**# Verb কাকে বলে?**

যে word দ্বারা কোন কাজ করা, হওয়া, খাওয়া, থাকা ইত্যাদি বুঝায় তাকে verb বা ক্রিয়াপদ বলে।

যে Go (যাওয়া), Eat (খাওয়া), Come (আসা) ইত্যাদি।

**# Verb কত প্রকার ও কি কি?**

**Verb প্রধানত দু' প্রকার। যথা-**

i) Principal verb (প্রধান ক্রিয়া)

ii) Auxiliary verb (সাহায্যকারী ক্রিয়া)

**# Principal verb কি?**

যে verb স্বাধীনভাবে অর্থ প্রকাশ করতে সক্ষম তাকে Principal verb বলে অর্থাৎ এই সকল verb অন্য কোন verb এর সাহায্য ছাড়াই অর্থ প্রকাশ করতে পারে।

যেমন- I go to school.

He plays football.

**# Auxiliary verb কাকে বলে?**

যে verb অন্য verb কে অর্থ প্রকাশে সাহায্য করে তাকে Auxiliary verb বলে। যেমন- Fahad **is** playing. I **am** going They **are** coming.

**# Principal verb কে দু'ভাগে ভাগ করা হয়।**

1. Transitive Verb (সকর্মক ক্রিয়া)
2. Intransitive verb (অকর্মক ক্রিয়া)

**# Transitive Verb কি?**

যে verb এর object বা কর্ম থাকে তাকে Transitive verb বলে।

যেমন- i) I **see** a bird. ii) He **loves** me.

**# Intransitive verb কি?**

যে verb এর object বা কর্ম থাকে না তাকে Intransitive verb বলে।

যেমন- i) Birds fly. ii) Fahad plays.

www.amarboi.org

## Lesson-11

# ADVERB AND ITS CLASSIFICATION

## (ক্রিয়া বিশেষণ ও এর শ্রেণিবিভাগ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Adverb কাকে বলে? |
| # Adverb এর শ্রেণিবিভাগ |

**# Adverb কাকে বলে?**

যে Word কোন Verb, Adverb বা Adjective এর দোষ, গুণ, অবস্থা বা পরিমাণ প্রকাশ করে তাকে Adverb বলে। যেমন- Very, Easily, Quickly, Daily, Early ইত্যাদি।

**# Adverb কত প্রকার ও কি কি?**

Adverb প্রধানত চার প্রকার। যেমন–

1) Simple Adverb.
2) Interrogative Adverb.
3) Relative Adverb.
4) Exclamatory Adverb.

## Lesson-12

# PREPOSITION AND ITS CLASSIFICATION

## (পদান্বয়ী অব্যয় ও এর শ্রেণিবিভাগ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Preposition কাকে বলে? |
| # Preposition এর কতিপয় ব্যবহার। |

**Preposition কাকে বলে?**

Pre অর্থ পূর্বে Position অর্থ অবস্থান অর্থাৎ যে word কোন Noun বা Pronoun এর পূর্বে বসে, Sentence এর অন্য কোন word এর সাথে সম্পর্কযুক্ত করে, তাকে Preposition বলে। যেমন- At, on, In ইত্যাদি।

**# Preposition এর কতিপয় ব্যবহার :**

i) ছোট স্থান এর আগে 'at' এবং বড় স্থানের আগে 'in' বসে।

যেমন- I live at Gandaria. We live in Dhaka.

ii) সময়ের আগে at বসে। যেমন- Our School sits at 8'am.

iii) দিন ও তারিখের আগে 'on' বসে। যেমন- He came on Sunday.

www.amarboi.org

# Lesson-13
# CONJUNCTION
## (সংযোজক অব্যয়)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| | |
|---|---|
| # | Conjunction কাকে বলে? |
| # | Conjunction এর ব্যবহার। |

## # Conjunction কাকে বলে?

যে সকল word দুই বা ততোধিক word বা Sentence কে যুক্ত করে তাদেরকে Conjunction বা সংযোজক অব্যয় বলে।

যেমন- And (এবং), or (অথবা), But (কিন্তু), If (যদি), As (যেহেতু), Because (কারণ) ইত্যাদি।

## # Conjunction এর ব্যবহার :

1. Sajid and Sifat are two brothers.
2. He is poor but honest.
3. Give a pen or a pencil.

উপরের প্রথম বাক্যে And শব্দটি Sajid এবং Sifat-এই দু'টি word কে যুক্ত করেছে। দ্বিতীয় বাক্যে But শব্দটি Poor এবং Honest শব্দ দু'টিকে যুক্ত করেছে। তৃতীয় বাক্যে Or শব্দটি Pen এবং Pencil শব্দ দু'টিকে যুক্ত করেছে।

# Lesson-14
# INTERJECTION
## (আবেগসূচক অব্যয়)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| | |
|---|---|
| # | Interjection কাকে বলে? |
| # | Interjection এর ব্যবহার। |

## # Interjection কাকে বলে?

www.amarboi.org

যে সকল word দ্বারা মনের আনন্দ, দুঃখ, বেদনা, বিস্ময় ইত্যাদি আকস্মিক আবেগ প্রকাশ পায় তাদেরকে Interjection বা আবেগসূচক অব্যয় বলে। যেমন- oh! Alas! Bravo! ইত্যাদি।

# **Interjection এর ব্যবহার :**

1. Alas! I am undone.
2. Oh! What a sad news.
3. Hurrah! We have won the game.

এখানে Alas, Oh শব্দ দ্বারা দুঃখ এবং Hurrah শব্দটি দ্বারা আনন্দ প্রকাশ করা হয়েছে।

## Lesson-15
## NUMBER AND ITS KINDS
### (বচন ও এর প্রকারভেদ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Number কাকে বলে? |
| # Number কত প্রকার ও কি কি? |
| # Singular Number কি? |
| # Plural Number কি? |
| # কতিপয় Number. |

# **Number কাকে বলে?**

যে Word দ্বারা কোন Noun বা Pronoun এর সংখ্যা বুঝায় তাকে Number বা বচন বলে।

# **Number কত প্রকার ও কি কি?**

ইংরেজীতে Number দু'প্রকার। যথা-

i) Singular Number (একবচন)

ii) Plural Number (বহুবচন)

# **Singular Number কাকে বলে?**

যে Noun বা Pronoun দ্বারা একটি মাত্র সংখ্যা বুঝায় তাকে Singular Number বলে। যথার্থ Man, Boy, Cat, It, This ইত্যাদি।

www.amarboi.org

# **Plural Number কাকে বলে?**

যে Noun বা Pronoun দ্বারা একের অধিক সংখ্যা বুঝায়, তাকে Plural Number বলে। যেমন- Boys, Toys, Books, We, They ইত্যাদি।

# নিম্নে কিছু Singular ও Plural Number দেয়া হলো :

| **Singular Number** | **Plural Number** |
|---|---|
| Boy (বালক) | Boys (বালকেরা) |
| Cat (বিড়াল) | Cats (বিড়ালগুলো) |
| Cow (গরু) | Cows (গরুগুলো) |
| Hen (মুরগি)<br>Dog (কুকুর) | Hens (মুরগিগুলো)<br>Dogs (কুকুরগুলো) |
| Goat (ছাগল) | Goats (ছাগলগুলো) |
| Girl (বালিকা) | Girls (বালিকারা) |
| Doll (পুতুল) | Dolls (পুতুলগুলো) |
| Baby (শিশু) | Babies (শিশুরা) |
| Child (শিশু) | Children (শিশুরা) |
| Day (দিবস) | Days (দিনগুলো) |
| Donkey (গাধা) | Donkeys (গাধাগুলো) |
| Monkey (বানর) | Monkeys (বানরগুলো) |
| Fly (মাছি) | Flies (মাছিগুলো) |
| Knife (ছুরি) | Knives (ছুরিগুলো) |
| Wife (স্ত্রী) | Wives (স্ত্রীগণ) |
| Mouse (ইঁদুর) | Mice (ইঁদুরগুলো) |
| Man (মানুষ) | Men (মানুষেরা) |

# Lesson-16
# GENDER AND ITS KINDS
## (লিঙ্গ ও এর প্রকারভেদ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Gender কাকে বলে? |
| # Gender কত প্রকার ও কি কি? |
| # Masculine ও Faminine Gender এর কিছু উদাহরণ। |

## Gender কাকে বলে?

যে Noun বা Pronoun দ্বারা স্ত্রী, পুরুষ, কিংবা স্ত্রী-পুরুষ উভয়ই বা স্ত্রী পুরুষ কোনটাকে না বুঝিয়ে কোন অচেতন পদার্থকে বুঝায় সেই Noun বা Pronoun কে Gender (লিঙ্গ) বলে।

## Gender কত প্রকার ও কি কি?

**Gender চার প্রকার। যথা-**

i) Masculine Gender(ম্যাসকুলিন জেন্ডার)- পুংলিঙ্গ

ii) Feminine Gender (ফেমিনিন জেন্ডার)- স্ত্রী-লিঙ্গ

iii) Common Gender (কমন জেন্ডার)- উভয় লিঙ্গ

iv) Nuter Gender (নিউটার জেন্ডার)- ক্লীব লিঙ্গ

1. **Masculine Gender (ম্যাসকুলিন জেন্ডার)** : যে Noun বা Pronoun দ্বারা শুধুমাত্র পুরুষ জাতীয় প্রাণীদেরকে বুঝায় তাদেরকে Masculine Gender বলে। যেমন- Man, Boy, Father, Fox ইত্যাদি।

2. **Feminine Gender (ফেমিনিন জেন্ডার)** : যে Noun বা Pronoun দ্বারা শুধুমাত্র স্ত্রী জাতীয় প্রাণীদেরকে বুঝায় তাদেরকে Feminine Gender বা স্ত্রীলিঙ্গ বলে। যেমন– Mother, Sister, Girl ইত্যাদি।

3. **Common Gender (কমন জেন্ডার)** : যে Noun বা Pronoun দ্বারা পুরুষ জাতি ও স্ত্রী জাতি উভয়কে বুঝায় তাকে Common Gender বা উভয়লিঙ্গ বলে। যেমন- Baby, Child, Teacher ইত্যাদি।

4. **Nuter Gender (নিউটার জেন্ডার)** : যে Noun বা Pronoun দ্বারা পুরুষ জাতি বা স্ত্রী জাতিকে না বুঝিয়ে অচেতন পদার্থকে বুঝায় তাকে Nuter Gender বা ক্লীব লিঙ্গ বলে। যেমন- Book, Ball, Pen, Chair ইত্যাদি।

www.amarboi.org

## Masculine ও Feminine Gender এর কিছু উদাহরণ :

| Masculine Gender | Feminine Gender |
|---|---|
| Boy (বালক) | Girl (বালিকা) |
| Brother (ভাই) | Sister (বোন) |
| Bull (ষাঁড়) | Cow (গরু) |
| Bridegroom (বর) | Bride (কনে) |
| Brother-in-law (শ্যালক) | Sister-in-law (শ্যালিকা) |
| Cock (মোরগ) | Hen (মুরগি) |
| Dog (কুকুর) | Bitch (মাদি কুকুর) |
| Fox (খেকশিয়াল) | Vixen (খেকশিয়ালী) |
| Gentleman (ভদ্রলোক) | Lady (ভদ্রমহিলা) |
| Horse (ঘোড়া) | Mare (মাদি ঘোড়া) |
| Host (অতিথি সেবক) | Hostess (অতিথি সেবিকা) |
| Husband (স্বামী) | Wife (স্ত্রী) |
| King (রাজা) | Queen (রাণী) |
| Lion (সিংহ) | Lionness (সিংহী) |
| Man (মানুষ) | Woman (স্ত্রীলোক) |
| Male (পুরুষ) | Female (স্ত্রীলোক) |
| Mr. (জনাব) | Mrs. (বেগম) |
| Master (প্রভু) | Mistress (প্রভু পত্নী) |
| Master (কুমার) | Miss (কুমারী) |
| Nephew (ভাইপো) | Niece (ভাইঝি) |
| Papa (বাবা) | Mamma (মা) |
| Poet (কবি) | Portess (মহিলা কবি) |
| Ram (ভেড়া) | Ewe (ভেড়ী) |
| Son (পুত্র) | Daughter (কন্যা) |
| Sultan (সম্রাট) | Sultana (সম্রাজ্ঞী) |
| Sir (মহাশয়) | Madam (মহাশয়া) |
| Tutor (শিক্ষক) | Tutress (শিক্ষিকা) |
| Uncle (চাচা/মামা/খালু/ফুফা) | Aunt (চাচী/মামী/খালা/ফুফু) |

# Lesson-17
# PERSON AND ITS KIND
## (পুরুষ ও এর প্রকারভেদ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| | |
|---|---|
| # | Person কি? |
| # | Person কত প্রকার ও কি কি? |
| # | First Person/Second Person/Third Person এর কিছু উদাহরণ। |

## # Person কাকে বলে?

Person অর্থ পুরুষ বা ব্যক্তি।

Sentence-এ যাকে উদ্দেশ্য করে বা যার সম্পর্কে কিছু বলা হয় তাকে Person বা পুরুষ বলে।

## # Person কত প্রকার ও কি কি?

ইংরেজীতে Person তিন প্রকার। যথা-

i) First Person (উত্তম পুরুষ)

ii) Second Person (মধ্যম পুরুষ)

iii) Third Person (নাম পুরুষ)

**First Person (ফার্স্ট পারসন) বা উত্তম পুরুষ :** যে শব্দের মাধ্যমে বক্তা নিজেদের সম্বন্ধে বলে বা করে তাকে First Person বা উত্তম পুরুষ বলে। যেমন- I (আমি), We (আমরা), My (আমার), Our (আমাদের), Us (আমাদেরকে) ইত্যাদি।

**Second Person (সেকেন্ড পারসন) বা মধ্যম পুরুষ :** বক্তা যাকে উদ্দেশ্য বা সম্বোধন করে কিছু বলে বা করে তখন তার Person কে Second Person বলে। যেমন- You (তুমি/তোমরা), Your (তোমার/তোমাদের) ইত্যাদি।

**Third Person (থার্ড পারসন) বা নাম পুরুষ :** বক্তা যখন অনুপস্থিত কোন ব্যক্তি বা বস্তু সম্পর্কে কিছু বলে বা করে তখন তার Person কে Third Person বলে। যেমন- Tahen, Najib, she, Dhaka ইত্যাদি।

লক্ষ্য কর : I (আমি)- We (আমরা), you (তুমি/তোমরা) ছাড়া পৃথিবীর সব কিছুই Third Person বা নাম পুরুষ।

www.amarboi.org

নিচে ছকের সাহায্যে Pronoun এর Person গুলো দেখানো হলো :

| Person | Number | Subject | Object | Possessive |
|---|---|---|---|---|
| First Person | Singular (একবচন) | I (আমি) | Me (আমাকে) | My (আমার) |
| | Plural (বহুবচন) | We (আমরা) | Us (আমাদেরকে) | Our, Ours (আমাদের) |
| Second Person | Singular | You (তুমি) | You (তোমাকে) | Your, Yours (তোমার) |
| | Plural | You (তোমরা) | You (তোমাদেরকে) | Your, Yours (তোমাদের) |
| Third Person | Singular | He (সে-পুং) | Him (তাকে) | His (তার) |
| | | She (সে-স্ত্রী) | Her (তাকে) | Her (তার) |
| | Plural | It (ইহা) | It (একে) | Its (ইহার) |
| | | They (তারা) | Them (তাদেরকে) | Their (তাদের) |

# লক্ষ্য কর : I (আমি), We (আমরা), You (তুমি/তোমরা) ছাড়া পৃথিবীর সবকিছুই Third Person বা নাম পুরুষ।

## Lesson-18
## Articles
### (পদাশ্রিত নির্দেশক)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| | |
|---|---|
| # | Article কাকে বলে? |
| # | Article কত প্রকার ও কি কি? |
| # | Indefinite Article কি? |
| # | Definite Article কি? |
| # | Article এর ব্যবহার |

# Article কাকে বলে?

A, An, The এই তিনটি Word কে Article বলে।

www.amarboi.org

# Article দু' প্রকার। যথা-

i) Indefinite Article

ii) Definite Article

# **Indefinite Article বা অনির্দিষ্ট আর্টিকেল :** যে Article কোন ব্যক্তি বা প্রাণীকে নির্দিষ্ট করে বুঝায় না তাকে Indefinite Article বলে।

যেমন- A boy, A cat, An egg ইত্যাদি।

# **Definite Article বা নির্দিষ্ট আর্টিকেল :** যে Article কোন ব্যক্তি, বস্তু, বা প্রাণীকে নির্দিষ্ট করে বুঝায় তাকে Definite Article বলে। যেমন- The boy, The cow, The sun, The sky ইত্যাদি।

**Article-এর ব্যবহার :**

**A-এর ব্যবহার :**

1. কোন শব্দের প্রথম অক্ষরটি Consonant হলে কিংবা Consonant-এর মত উচ্চারিত হলে তার আগে 'A' বসে।

   যেমন- A book, A pen, A cow ইত্যাদি।

2. যে সকল word এর প্রথম অক্ষর vowel কিন্তু দীর্ঘ U (অর্থাৎ eu বা you) এর মত উচ্চারিত হয় তাদের পূর্বে 'A' বসে। যেমন- A union, A university.

3. One যুক্ত শব্দের পূর্বে 'A' বসে। যেমন- A one-eyed man. A one taka note.

**'An' এর ব্যবহার :**

1. কোন শব্দ Vowel (যথা A, E, I, O, U) দিয়ে শুরু হলে তার পূর্বে An বসে।

   যেমন- An apple, An egg, An orange, An umbrella ইত্যাদি।

2. কোন কোন Consonant শব্দের প্রথমে বসে Vowel এর মতো উচ্চারিত হয়। এসব word এর পূর্বে 'An' বসে।

   যেমন- An honest man, An heir, An M. A, An hour ইত্যাদি।

**'The' এর ব্যবহার :**

1. একক বা একাধিক নির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর পূর্বে The বসে। যেমন- The boy, The tree, The girls, The books ইত্যাদি।

2. নদী, সাগর, ধর্মগ্রন্থ, পাহাড়-পর্বত, সংবাদপত্র, গ্রহ-নক্ষত্র ইত্যাদির পূর্বে 'The' বসে। যেমন- The Padma, The Red sea, The Quran, The Himalays, The new Nation, The Earth ইত্যাদি।

www.amarboi.org

3. দিক ও একক বস্তুর আগে 'The' বসে। যেমন- The North, The East, The sun ইত্যাদি।
4. বংশ ও জাতির নামের পূর্বে The বসে। যেমন- The khan, The Bangladeshi, The English ইত্যাদি।
5. রেলগাড়ি ও জাহাজের নামের পূর্বে 'The' বসে। যেমন- The Mahanagar, The Banglak Doot ইত্যাদি।
6. গণনাযোগ্য (Countable noun) ও এক শ্রেণির সমগ্র ব্যক্তি/বস্তু Common Noun বুঝালে তার পূর্বে The বসে। যেমন- The cow, The horse ইত্যাদি।

## EXERCISE- (অনুশীলনী)

1. Article কাকে বলে? উহা কত প্রকার ও কি কি?
2. 'A' ব্যবহারের নিয়ম কি?
3. 'An' কোন কোন শব্দের পূর্বে বসে?
4. 'The' ব্যবহারের তিনটি নিয়ম লিখ।
5. Fill in the blanks with A, An, The.

   (A, An ও The ব্যবহার করে শূন্যস্থান পূরণ কর)

   a) This is – apple. b) That is – book. c) I read – Azad. d) He is – honest man. e) The king has – heir. f) – Sun rises in the east g) I read – Quran everyday. h) She is – M. A. i) The cow is – useful animal j) – earth is round.

## Lesson-19

# USE OF CAPITAL LETTERS

## (বড় হাতের অক্ষরের ব্যবহার)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

# Capital Letter ব্যবহারের নিয়ম :
# ইংরেজী ভাষা লিখতে আমরা Small letter-ই বেশি ব্যবহার করি।
# কিন্তু কোন কোন স্থানে Capital Letter ব্যবহার করতে হয়। Capital Letter ব্যবহারের কিছু নিয়ম আছে।

নিচে সেগুলো আলোচনা করা হলো :

1. প্রত্যেক Sentence এর প্রথম অক্ষর সব সময় Capital letter হয়। যেমন- Fahad is a good boy.
2. ব্যক্তি ও স্থানের নামের প্রথম অক্ষর Capital letter হয়। যেমন- Sajid plays.

www.amarboi.org

3. আল্লাহর নাম ও তার নামের পরিবর্তে ব্যবহৃত Pronoun এর প্রথমে Capital letter হয়।
যেমন- Allah is kind and He loves us.
4. দিন, মাস ও উৎসবের নাম Capital letter দিয়ে শুরু হয়।
যেমন- Today is Monday, The 1st December, Today is Eid Day ইত্যাদি।
5. নদী, সাগর, মহাসাগর, পর্বত ইত্যাদির নামের প্রথমে Capital letter হয়।
যেমন- The Padma is a big river.
I have seen the Himalays.
6. Pronoun হিসেবে 'I' বাক্যের যে কোন স্থানেই capital letter হয়।
যেমন- Sifat, Fahad and I play ball.
7. ইংরেজী কবিতার প্রত্যেক লাইনের শুরুতে Capital letter হয়।
যেমন- Thank you, God,
For the light
Thank you,
For the day and night.

## EXERCISE (অনুশীলনী)

1. নিচের ব্যক্যগুলোর যথাস্থানে Capital letter ব্যবহার কর।
a. this is a ball.
b. sadia, fahim and fahad are playing.
c. the padma is a big river.
d. we live in bangladesh.
e. our headmaster is an m. a.

## Lesson-20
# PUNCTUATION
## (বিরাম চিহ্ন)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

- # Punctuation কী?
- # Punctuation এর ব্যবহার।

**# Punctuation বা বিরাম চিহ্ন কী?**

বিরাম চিহ্ন বা ছেদ চিহ্নকে ইংরেজীতে Punctuation mark বলে। Sentence বা বাক্যকে

সহজ করার জন্য আমরা বিভিন্ন রকম চিহ্ন ব্যবহার করে থাকি, এই চিহ্নগুলোই Punctuation marks বা বিরাম চিহ্ন।

ইংরেজীতে যেসব Punctuation mark ব্যবহৃত হয় সেগুলোকে নিচে দেয়া হলো :

1. Full stop (.) — দাঁড়ি
2. Comma (,) — কমা
3. Colon (:) — কোলন
4. Semi-colon (;) — সেমিকোলন
5. Note of Interrogation (?) প্রশ্নবোধক চিহ্ন
6. Note of Exclamation (!) — বিস্ময়সূচক চিহ্ন
7. Inverted comma (“ ”) — ইনভারটেড কমা
8. Apostrophe (,) — এপোস্ট্রপি
9. Hypen (-) — সংযোগ চিহ্ন
10. Dash (—) — ড্যাস।

**Punctuation mark এর কিছু ব্যবহার নিচে দেয়া হলো-**

1. **Full stop (.) :** Sentence বা বাক্যের শেষে full stop বসে। যেমন- Fahim is a good boy.
2. **Comma (,) :** Sentence-এ সামান্য থামার জন্য এই চিহ্ন ব্যবহৃত হয়। কোন বাক্যে দুয়ের অধিক এ এ জাতীয় শব্দ পাশাপাশি অবস্থান করলে এবং কোন বাক্যে Yes বা No এর পর এই চিহ্ন ব্যবহার করা হয়।

   যেমন– Mamun, Masum and Fahim are playing.
3. **Question mark (?) :** এটি যে কোন প্রশ্নবোধক বাক্যের শেষে বসে।

   যেমন- How are you?

   What is your name?
4. **Exclamation Mark (!) :** এটি আনন্দ, দুঃখ, বিস্ময় ইত্যাদি আবেগসূচক বাক্যের বা শব্দের শেষে ব্যবহার করা হয়। যেমন- Alas! I am undone.

www.amarboi.org

# Lesson-21

# STRONG VERBS AND WEAK VERBS

ইংরেজী ভাষায় প্রতিটি verb এর তিনটি রূপ আছে। যেমন- Present, Past and Past Participle. এই রূপ পরিবর্তন করার নিয়ম অনুযায়ী ইংরেজী verb গুলোকে দুই ভাগে ভাগ করা যায়। যথা- i) Strong verb ii) Weak verb.

1. **Strong verb** : যেসব verb এর ভেতরের vowel পরিবর্তন করে Past tense এবং শেষে en, n, ne যোগ করে Past Participle গঠন করা হয়, তাদেরকে Strong verb বলে।

নিচে কতকগুলো Strong verb এর তালিকা দেয়া হলো :

| **Present Tense** | **Past Tense** | **Past Participle** |
|---|---|---|
| Arise (উঠা) | Arose | Arisen |
| Abide (থাকা) | Abode | Abode |
| Awake (জাগা) | Awoke | Awaken |
| Am Is, Are (হই) | Was/Were | Been |
| Bear (বহন করা) | Bore | Borne |
| Beat (প্রহার করা) | Beat | Beaten |
| Become (হওয়া) | Became | Become |
| Begin (আরম্ভ করা) | Began | Begun |
| Break (ভাঙ্গা) | Broke | Broken |
| Bind (বাধা) | Bound | Bound |
| Bite (কামড়ানো) | Bit | Bitten |
| Blow (প্রবাহিত হওয়া) | Blew | Blown |
| Come (আসা) | Came | Come |
| Choose (পছন্দ করা) | Chose | Chosen |
| Draw (টানা) | Drew | Drawn |
| Dig (খনন করা) | Dug | Dug |
| Do (করা) | Did | Done |
| Drive (চালানো) | Drove | Driven |
| Drink (পান করা) | Drank | Drunk |

| | | |
|---|---|---|
| Eat (খাওয়া) | Ate | Eaten |
| Fall (পতিত হওয়া) | Fell | Fallen |
| Fight (যুদ্ধ করা) | Fought | Fought |
| Get (পাওয়া) | Got | Gotten |
| Give (দেয়া) | Gave | Given |
| Go (যাওয়া) | Went | Gone |
| Grow (জন্মানো) | Grew | Grown |
| Hold (ধরা) | Held | Held |
| Know (জানা) | Knew | Known |
| Lie (শয়ন করা) | Lay | Lain |
| Meet (সাক্ষাৎ করা) | Met | Met |
| Ride (চড়া) | Rode | Ridden |
| Rise (উঠা) | Rose | Risen |
| Run (দৌড়ানো) | Ran | Run |
| See (দেখা) | Saw | Seen |
| Sit (বসা) | Sat | Sat |
| Sing (গান করা) | Sang | Sung |
| Stand (দাঁড়ানো) | Stood | Stood |
| Speak (কথা বলা) | Spoke | Spoken |
| Steal (চুরি করা) | Stole | Stolen |
| Swim (সাঁতার কাটা) | Swam | Swum |
| Take (নেয়া) | Took | Taken |
| Throw (নিক্ষেপ করা) | Threw | Thrown |
| Win (জয় লাভ করা) | Won | Won |
| Write (লেখা) | Wrote | Written |
| Wear (পরিধান করা) | Wore | Worn |
| Wake (জাগানো) | Woke | Waken |

**Weak Verb :** যেসব Verb এর শেষে d, ed, t যোগ করে Past tense ও past participle গঠন করা হয় তাকে weak verb বলা হয়।

নিচে কতকগুলো weak verb এর তালিকা দেয়া হলো :

| Present Tense | Past Tense | Past Participle |
|---|---|---|
| Advise (উপদেশ দেয়া) | Advised | Advised |
| Agree (সম্মত হওয়া) | Agreed | Agreed |
| Ask (জিজ্ঞাসা করা) | Asked | Asked |
| Believe (বিশ্বাস করা) | Believed | Believed |
| Build (নির্মাণ করা) | Built | Built |
| Buy (ক্রয় করা) | Bought | Bought |
| Bring (আনয়ন করা) | Brought | Brought |
| Call (ডাকা) | Called | Called |
| Can (পারা) | Could | Could |
| Carry (বহন করা) | Carried | Carried |
| Cry (কাঁদা) | Cried | Cried |
| Copy (নকল করা) | Copied | Copied |
| Catch (ধরা) | Caught | Caught |
| Die (মরা) | Died | Died |
| Feed (খাওয়ানো) | Fed | Fed |
| Feel (অনুভব করা) | Felt | Felt |
| Have (আছে) | Had | Had |
| Hate (ঘৃণা করা) | Hated | Hated |
| Hear (শোনা) | Heard | Heard |
| Help (সাহায্য করা) | Helped | Helped |
| Keep (রাখা) | Kept | Kept |
| Learn শেখা) | Learnt | Learnt |
| Lose (হারানো) | Lost | Lost |
| Make (তৈরি করা) | Made | Made |
| Play (খেলা করা) | Played | Played |
| Pray (প্রার্থনা করা) | Prayed | Prayed |
| Work (কাজ করা) | Worked | Worked |
| Wish (ইচ্ছা করা) | Wished | Wished |

www.amarboi.org

# Lesson-22
# TENSE AND ITS CLASSIFICATION
## (কাল ও এর শ্রেণিবিভাগ)

**এই অধ্যায়ে আমরা যা শিখব :**

| |
|---|
| # Tense কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? |
| # Present Tense কাকে বলে? কত প্রকার ও কি কি? |
| # Past Tense কাকে বলে? কত প্রকার ও কি কি? |
| # Future Tense কাকে বলে? কত প্রকার ও কি কি? |

# **Tense কাকে বলে?**

Tense অর্থ কাল বা সময়। কোন কাজ সংঘটিত হওয়ার সময়কে Tense বা কাল বলে।

# **Tense কত প্রকার ও কি কি?**

# Tense প্রধানত তিন প্রকার। যথা-

# Present Tense (বর্তমান কাল)

# Past Tense (অতীত কাল)

# Future Tense (ভবিষ্যত কাল)

# **Present Tense কাকে বলে? কত প্রকার ও কি কি?**

যে verb দ্বারা বর্তমান সময়ে কোন কাজ হয় বা হয়ে থাকে বুঝালে তাকে Present Tense বলে।

যেমন- I eat rice - আমি ভাত খাই।

# **Present Tense কে চার ভাগে ভাগ করা হয়েছে। যথা-**

1. Present Indefinite Tense (সাধারণ বর্তমান কাল)
2. Present Continuous Tense (ঘটমান বর্তমান কাল)
3. Present Perfect Tense (পুরাঘটিত বর্তমান কাল)
4. Present Perfect Continuous Tense (পুরাঘটমান বর্তমান কাল)

# **Past Tense কাকে বলে?**

যে Verb দ্বারা কোন কাজ পূর্বে হয়েছিল বুঝায় তাকে Past Tense বলে।

যেমন- I went to school - আমি স্কুলে গিয়েছিলাম।

# **Past Tense কত প্রকার ও কি কি?**

**Past Tense কে চার ভাগে ভাগ করা হয়েছে। যথা-**

1. Past Indefinite Tense (সাধারণ অতীত কাল)

www.amarboi.org

2. Past Continuous Tense (ঘটমান অতীত কাল)
3. Past Perfect Tense (পুরাঘটিত অতীত কাল)
4. Past Perfect Continuous Tense (পুরাঘটমান অতীত কাল)

**Future Tense কাকে বলে?**

Verb এর যে কাজ ভবিষ্যতে কোন এক সময় হবে বা হতে থাকবে বুঝালে তাকে Future Tense বলে। যেমন- I shall eat Rice আমি ভাত খাব।

**# Future Tense কে কয় ভাগে ভাগ করা যায় ও কি কি?**

**Future Tense কে চার ভাগে ভাগ করা হয়। যথা-**

1. Future Indefinite Tense (সাধারণ ভবিষ্যত কাল)
2. Future Continuous Tense (ঘটমান ভবিষ্যত কাল)
3. Future Perfect Tense (পুরাঘটিত ভবিষ্যত কাল)
4. Future Perfect Continuous Tense (পুরাঘটমান ভবিষ্যত কাল)

## Exercise (অনুশীলনী)

1. Tense কাকে বলে? উহা কত প্রকার ও কি কি?
2. Present Tense কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।
3. Past Tense কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।
4. Future Tense কাকে বলে? উহা কত প্রকার ও কি কি? উদাহরণ দাও।

## Lesson-23

## Similar word

**(একই অর্থবোধক শব্দ)**

| No | Given words | অর্থ | similar word |
|---|---|---|---|
| 1 | Arrive | পৌঁছানো | reach |
| 2 | Annual | বার্ষিক | yearly |
| 3 | Another | অন্যটি | one more, any other |
| 4 | Break | ভাংগা | crack |
| 5 | Below | নিচে | under, bottom |
| 6 | Bath | গোসল করা | shower, wash |
| 7 | Climb | চড়া/উঠা | rise, ascend |

| | | | |
|---|---|---|---|
| 8 | City | শহর/নগর | town |
| 9 | Careful | সতর্ক | alert |
| 10 | Cycle | চক্র | circle, orbit |
| 11 | Crop | শস্য | grain |
| 12 | Catch | ধরা | hold, capture |
| 13 | Drive | চালানো | travel, ride |
| 14 | Dear | প্রিয় | beloved, dearling |
| 15 | Dive | লাফ দেয়া | jump, fall |
| 16 | Dig | খনন করা | plough, cultivate |
| 17 | Empty | খালি | blank, vacant |
| 18 | Early | তাড়াতাড়ি | primitive, forward |
| 19 | Finish | শেষ করা | stop, Halt |
| 20 | Favourite | প্রিয় | fond of, dear |
| 21 | Great | বৃহৎ/বড় | large, huge, big |
| 22 | Guess | অনুমান | assume, believe |
| 23 | Hit | আঘাত করা | knock, rap |
| 24 | Hard | কঠিন | tough, difficult |
| 25 | Hope | আশা করা | desire, dream |
| 26 | House | বাড়ি | cottage, building |
| 27 | Jump | লাফ দেয়া | leap, hop |
| 28 | Jungle | বন | forest, bushes |
| 29 | Juice | রস | liquid, fluid, sap |
| 30 | Know | জানা | learn, realize |
| 31 | Keep | রাখা | hold, put |
| 32 | Loss | হারানো | miss |
| 33 | Listen | মনোযোগ দিয়ে শোনা | hear, attend |
| 34 | Make | তৈরি করা | build, constract |
| 35 | Many | অনেক | more, numerous |
| 36 | Narrow | সংকীর্ণ | limited |

| | | | |
|---|---|---|---|
| 37 | Obtain | অর্জন | gain, earn |
| 38 | Obey | মান্য করা | abide by, carry out |
| 39 | Only | একমাত্র | single, alone |
| 40 | Plane | সমতল | flat, level |
| 41 | Prize | পুরস্কার | reward |
| 42 | People | লোকজন | crowd, gathering |
| 43 | Quick | তাড়াতাড়ি | hurry |
| 44 | Quite | সম্পূর্ণ | full, complete |
| 45 | Quiet | শান্ত | calm, cool |
| 46 | Ready | প্রস্তুত | completed, fit |
| 47 | Spoil | ধ্বংস করা/নষ্ট করা | damage, destroy |
| 48 | Sound | শব্দ | noise, chaos |
| 49 | Surprise | আশ্চর্য | astonish, wonder |
| 50 | Sure | অবশ্যই | firm, confident |
| 51 | Take | লওয়া | receive, gain, get |
| 52 | Traffic | যানবাহন | transport, vehicles |
| 53 | Work | কাজ | job, task |
| 54 | Worry | উদ্বিগ্ন | anxiety |

## Lesson-24
# Opposite word
### (বিপরীত অর্থবোধক শব্দ)

| Given words | অর্থ | Opposite Words | অর্থ |
|---|---|---|---|
| A few | সামান্য | Enough | প্রচুর |
| Always | সর্বদা | Never | কখনোও না |
| After | পরে | Before | পূর্বে |
| Attractive | আকর্ষণীয় | Disgusting | বিরক্তিকর |
| Big | বড় | Small | ছোট |

www.amarboi.org

| | | | |
|---|---|---|---|
| Buy | কেনা | Sell | বিক্রয় করা |
| Bring | আনয়ন করা | Take | নেয়া |
| Below | নিচে | Up | উপরে |
| Boy | বালক | Girl | বালিকা |
| Beautiful | সুন্দর | Ugly | কুৎসিত |
| Behind | পেছনে | Front | সামনে |
| Clear | পরিষ্কার | Dirty | নোংরা |
